ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩১০
আগরতলা, ১২ আগস্ট, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘উন্নয়নে বিজ্ঞান নেই, আছে শুধু খরচের বাহার’ শিরোনামে ১১-০৮-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ ভিত্তিহীন ও বিভ্রান্তিমূলক অভিহিত করে আগরতলা স্মার্ট সিটি লিমিটেড-এর চীফ এগজেকিউটিভ অফিসার ডা. শৈলেশ কুমার যাদব এক স্পষ্টিকরণ জারি করেছেন। স্পষ্টিকরণে তিনি বলেছেন দৈনিক সংবাদ পত্রিকায় এডিনগর রাউন্ড জংশনের উন্নয়ন, বিদুরকর্তা চৌমুহনীর ট্রান্সফরমার, কর্ণেল চৌমুহনীর ফুটপাথ, আস্তাবল ফুটপাথের শোরুম এবং বিভিন্ন এলাকার ফুটপাথ থেকে উচ্ছেদ ইত্যাদি বিষয়কে স্মার্ট সিটির কাজ বলে বর্ণনা করা হয়েছে। মূলত: এসব কাজের দায়িত্বে রয়েছে আগরতলা পুরনিগম। আগরতলা স্মার্ট সিটি লিমিটেডের সাথে এসবের কোন যোগাযোগ নেই।

স্পষ্টিকরণে আরও বলা হয়েছে, ‘আগরতলা স্মার্ট সিটির প্রকল্পগুলি স্মার্ট নয়’ কথাটি সম্পূর্ণরূপে ভিত্তিহীন ও বিভ্রান্তিমূলক। আগরতলা স্মার্ট সিটি লিমিটেড ইতিমধ্যে সফলভাবে ৬৫টি উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ণ করেছে। তার মধ্যে রয়েছে ইন্টিগ্রেটেড কমান্ড কন্ট্রোল সেন্টার (ICCC) যার অধীনে চব্বিশ ঘন্টা সিসি টিভি নজরদারির ব্যবস্থা রয়েছে, ট্রাফিক মনিটরিং, বন্যা ব্যবস্থাপনা, শহরের নিরাপত্তা সংক্রান্ত নজরদারি ইত্যাদি। জল ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি সিউয়েজ ট্রিটমেন্ট প্ল্যান্ট বসানো হয়েছে এবং আরও পাঁচটি প্ল্যান্ট নির্মাণাধীন রয়েছে। ওয়াটার এটিএমগুলি প্রতি লিটার ১ টাকা করে জল দিচ্ছে অর্থাৎ সবসময় নাগরিকদের নিরাপদ পানীয় জলের সুবিধা দিচ্ছে।

আগরতলা স্মার্ট সিটি পার্কগুলির বিশেষ কিছু উন্নতি না করে শুধুমাত্র পেইন্ট করেছে অভিযোগটি সম্পূর্ণ মিথ্যা বলে উল্লেখ করেছেন আগরতলা স্মার্ট সিটি লিমিটেড এর সিইও। কারণ রাণীরপুকুর, ছাত্রসাগর এবং এমবিবি কলেজ ও ডিমসাগর-এর নিকট তিনটি পুকুরের যথেষ্ট উন্নতিসাধন করা হয়েছে, জলের গুণমান উন্নত হয়েছে এবং জনসাধারণের জন্য বিনোদনমূলক জায়গা তৈরি করা হয়েছে। তাছাড়া উজ্জয়ন্ত প্রাসাদ ও এমবিবি কলেজের সংস্কার, জগন্নাথ বাড়ি পার্ক ও এলবার্ট এক্কা পার্ক-এর উন্নয়ন শুধুমাত্র ঐতিহ্য সংরক্ষণে সাহায্য করেনি, পর্যটনের বিকাশ ঘটিয়ে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছে। চলতি ২৪.২৪২ কিমি স্মার্ট রোড প্রকল্পে রয়েছে স্মার্ট ট্রাফিক ম্যানেজমেন্ট সিস্টেম, সাশ্রয়মূলক এলইডি লাইটিং, গ্রীণ স্পেস, উন্নত স্টর্ম ওয়াটার ড্রেনেজ, আন্ডারগ্রাউন্ড পরিষেবা (বিদ্যুতের তার, জলের পাইপ) ইত্যাদি। আগরতলা স্মার্ট সিটি লিমিটেড নগর জীবনের মানোন্নয়নে, স্থায়ী পরিবেশবান্ধব উন্নয়ন, পর্যটনের বিকাশ, আর্থিক উন্নয়ন ও জনস্বাস্থ্যের উন্নয়নে কাজ করছে।

******